



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ই-গভর্নেন্স-২ অধিশাখা  
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০৩.২০.৪১

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭  
২১ জুলাই ২০২০

বিষয়: জেলা ও উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ প্রণয়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বৃপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যকে সামনে রেখে সরকারি সেবা নাগরিকগণের দোরগোড়ায় কম সময়ে ও কম খরচে পৌঁছে দেওয়ার নিমিত্তে জেলা/উপজেলা পর্যায়ের দপ্তর/সংস্থাসমূহ বিভিন্ন উদ্ভাবন কার্যক্রম পরিচালনা করছে। সকল জেলা/ উপজেলা টিম প্রতি অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করে আসছে।

২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামোর সঙ্গে সংগতি রেখে ২০২০-২১ অর্থবছরের জন্য নতুনভাবে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হলে মাঠ পর্যায়ের উদ্ভাবন বিষয়ক কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা সহজতর হবে।

৩। এমতাবস্থায়, ক) সংযুক্ত ছক মোতাবেক তাঁর জেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ প্রণয়ন করে আগামী ১০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়কে অবহিত রেখে হার্ডকপি এবং সফটকপি ইমেইল- eg\_sec2@cabinet.gov.bd -তে প্রেরণ; এবং

খ) উপজেলা ইনোভেশন টিমকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করে জেলা ইনোভেশন টিমের নিকট দাখিল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। জেলা/উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২০২১।

২। জেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১।

৩। উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১।

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (সকল)
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

২১-৭-২০২০

ড. উর্মি বিনতে সালাম

উপসচিব

ফোন: ৪৭১১৯৪৯৭

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: eg\_sec2@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০৩.২০.৪১/১(১১)

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭  
২১ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

২১-৭-২০২০

ড. উর্মি বিনতে সালাম

উপসচিব